বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, ৭২, গ্রিন রোড, ঢাকা।

**বিষয়ঃ** "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2)" শীর্ষক প্রকল্পের উপর গত ২৮/০৩/২০২৩ খ্রিঃ ৪.১০ ঘটিকায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)- এর ১ম সভার কার্যবিবরণী।

গত ২৮/০৩/২০২৩ খ্রিঃ ৪.১০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2)" শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)- এর সভা বাপাউবো'র মহাপরিচালক জনাব মো: নূরুল ইসলাম সরকার মহোদয় এঁর সভাপতিত্বে পানি ভবনস্থ ষষ্ঠ তলার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

২। সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা জানান প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৮০৩ কোটি ০৬ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারি ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত। তিনি প্রকল্পের সর্বশেষ অগ্রগতিসহ বিস্তারিত উপস্থাপনার জন্য প্রকল্প পরিচালককে আহ্বান করেন। প্রকল্প পরিচালক আলোচনার শুরুতে জানান যে, প্রকল্পটির বাস্তব অগ্রগতি ৫.৫০% এবং আর্থিক অগ্রগতি ২.৭৭%। প্রকল্পের আওতায় ৩০.০০ কি.মি. নদী তীর সংরক্ষণ, ৭.৯০ কি.মি. বাঁধ নির্মাণ এবং অন্যান্য ভৌত কাজ অন্তর্ভুক্ত আছে। প্রকল্পে মোট ৫২টি প্যাকেজ রয়েছে তন্মধ্যে ৮টি সরবরাহ প্যাকেজ, ২০ টি ভৌতকাজের প্যাকেজ এবং ২৪টি সেবা প্যাকেজ।
প্রকল্পের Goods ক্রয়ের ৮টি প্যাকেজের মধ্যে ৪টি প্যাকেজের (G-1,2,3,4) কার্যাদেশ প্রদান সম্পন্ন হয়েছে। G-02প্যাকেজের (২৯.৬২ লক্ষ জিওব্যাগ) ও G-03 প্যাকেজের (১৫.০৮ লক্ষ জিওব্যাগ) সরবরাহ গ্রহণ আরম্ভ হয়েছে। G-01 প্যাকেজের (৫০.৩৮ লক্ষ জিওব্যাগ) চীন হতে সরবরাহ চলতি মার্চ, ২০২৩ মাসেই শুরু হবে। G-04 প্যাকেজের (১৮.৯০ লক্ষ জিওব্যাগ) সরবরাহও আরম্ভ হবে। প্রকল্পের মূল পরামর্শক ISPMC এর নিয়োগ সম্পন্ন হয়েছে। প্রকল্পের Works ক্রয়ের ২০টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজের (W-1,2,3,4,5) কার্যাদেশ প্রদান সম্পন্ন হয়েছে। ৫টি প্যাকেজেরই পূর্ত কাজ শুরু হয়েছে। W-06,09 প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে। নদীর মরফোজিক্যাল পরিবর্তন ও বিবিধ কারণে ৮টি প্যাকেজের (W-8,12,13,14,15,17,19,20) কাজ করার সুযোগ না থাকায় এডিবি'র ইনসেপশন মিশনে বাদ দেয়ার নীতিগত সিদ্ধান্ত হয়েছে। সেবা প্যাকেজ C-05, C-21 এর চুক্তি স্বাক্ষরিত হয়েছে। C-08 প্যাকেজের চুক্তি শীঘ্রই স্বাক্ষরিত হবে। সেবা প্যাকেজ C-10 এর পুনঃআগ্রহব্যক্তকরণের অনুরোধ (REOI) আহবান এর কাজ চলমান রয়েছে। এছাড়াও অন্যান্য সেবা প্যাকেজসমূহের দরপত্র প্রক্রিয়াকরণ কাজ চলমান রয়েছে। ৪টি প্যাকেজ (C-09,11,12,14) এডিবি'র ইনসেপশন মিশনে বাদ দেয়ার নীতিগত সিদ্ধান্ত হয়েছে।
প্রকল্পের আওতায় ৭.৯০ কিঃমিঃ বাঁধ নির্মাণের নিমিত্ত ৩৯.৪৩৫ হেঃ জমি অধিগ্রহণের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় হতে প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। জমি অধিগ্রহণের প্রস্তাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের দপ্তরে দাখিল করার পর তাদের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সংশোধন করে হালনাগাদ তথ্য-উপাত্ত সহ পুনঃদাখিল করা হয়েছে। জেলা প্রশাসকের দপ্তর হতে অতি সত্বর সরেজমিনে সাইট পরিদর্শন করে ডিএলএসি সভা আহবান করা হবে মর্মে জানানো হয়েছে। চলতি অর্থ-বছরে আরএডিপি বরাদ্দ ৩৭০.২৮ কোটি টাকা।

৩। সিদ্ধান্তঃ

ক) কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন করতে হবে।

খ) ভুমি অধিগ্রহণের কাজ ত্বরান্বিত করতে হবে।

৪। অত:পর আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২.০৪.২০২৩

**(মোঃ নুরুল ইসলাম সরকার)**
মহাপরিচালক
বাপাউবো।

স্মারক নং-পিআইসি- ৬১৮

তারিখঃ০২/০৪/২০২৩ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৪। অতিঃ মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৫। অতিঃ মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৬। যুগ্ম সচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপ-সচিব (বাজেট-১৯)।
৭। যুগ্ম প্রধান (সেচ উইং), কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৮। যুগ্ম প্রধান (কৃষি, শিল্প ও শক্তি অনুবিভাগ), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। যুগ্ম প্রধান, এনইসি, একনেক এবং সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। মহাপরিচালক (কৃষি ও পানি সম্পদ সেক্টর), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী (পুর) মনিটরিং, বাপাউবো, ঢাকা ।
১৩। প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক, FRERMIP (Project-2), বাপাউবো, ঢাকা।
১৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, FRERMIP (Project-2), বাপাউবো, ঢাকা।
১৭। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১৮। অফিস কপি।

০২.০৪.২০২৩

**(ড. শ্যামল চন্দ্র দাস)**
অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা
বাপাউবো, ঢাকা।